মেহেরপুরে জমিজমা সংক্রান্ত মামলায় পিতা পুত্রের জেল

জমিজমা সংক্রান্ত বিরোধ মামলায় পিতা কাবিল উদ্দীন ও তার পুত্র লাল্টুকে ২ বছরের কারাদন্ড দিয়েছে আদালত।
শনিবার দুপুরের দিকে মেহেরপুর চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক শিরিন নাহার এ রায় দেন। সাজাপ্রাপ্ত কাবিল মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের পরান মন্ডলের ছেলে এবং লাল্টু কাবিল উদ্দীনের ছেলে।
২০১২ সালে জমি সংক্রান্ত বিষয় নিয়ে প্রতিবেশী শহিদুল ইসলামের সাথে সংঘর্ষ হয়। ঐ ঘটনায় শহিদুল ইসলাম বাদী হয়ে মামলা দায়ের করে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের আমঝুপিতে পিতা পুত্রকে কুপিয়ে জখম

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামে পিতা পুত্রকে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা। আহতরা হলেন,আমঝুপি মধ্য পাড়ার আব্দুল করিমের ছেলে শরিফ ও শরিফের ছেলে পলাশ। বর্তমানে তারা মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।
এলাবাসীরা জানায়, উভয়ের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে। এটা পূর্বের দ্বন্দের জের।

আহত শরিফ বলেন, আমরা দু’জনে বাড়ি থেকে মাঠে যাওয়ার উদ্দেশ্যে বের হলে অপরদিক থেকে আসা এনায়েত মাস্টারের ছেলে হাসান ও তার ভাই খোকন আমাদেরকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপাতে থাকে। রক্তাক্ত অবস্থায় গ্রামের লোকজন উদ্ধার করে মেহেরপুর হাসপাতালে পাঠায়।

আমঝুপি প্রতিনিধি

মেহেরপুরে তূর্য ‘স’ মিলের মালিককে ৫হাজার টাকা জরিমানা

লাইসেন্স না থাকায় মেহেরপুরের কাথুলি মোড়ের তূর্য ‘স’ মিলের মালিককে ৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সহকারি কমিশনার মো: রাকিবুল ইসলাম এ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমান আদালত সূত্রে জানা গেছে, করাত কল লাইসেন্স না থাকার অপরাধে তূর্য ‘স’ মিলের পরিচালক মোঃ মিঠুকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। এ ছাড়াও করাত কলের লাইসেন্স সংক্রান্ত যাবতীয কাগজ পত্র জমাদানের জন্য দশ দিনের সময় প্রদান করা হয়। এ সময় মেহেরপুর বনবিভাগের ভার-প্রাপ্ত কর্মকর্তা মোঃ জাফর উল্লাহ উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিনিধি

চার হাত এক করায় কাজ গনি ঘটকের

এলাকার তিনশ ছেলে মেয়েকে বিবাহ বন্ধনে আবদ্ধ করার মাধ্যম হিসেবে কাজ করেছেন আব্দুল গনি। যে মাধ্যমকে আমরা আঞ্চলিক ভাবে ঘটক বলে থাকি। আব্দুল গনি মেহেরপুরের জেলার গাংনী উপজেলার ষোল টাকা গ্রামের মৃত সমেশ আলী জোয়াদ্দার এর বড় ছেলে।

তিনি প্রায় পচিশ বৎসর যাবৎ ঘটক তালি পেশায় নিয়োজিত আছেন। বিয়ে দিয়েছেন ডাক্তার, শিক্ষক, পুলিশ অফিসার,ইঞ্জিনিয়ার ও বিভিন্ন সরকারি দপÍরের উচ্চপদস্থ কর্মকর্তাসহ বিভিন্ন পেশার ছেলে মেয়েদের।

আব্দুল গনি বলেন- মেহেরপুর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়াসহ সারাদেশে এ

যাবৎ পর্যন্ত প্রায় তিনশ জন মুসলিম ছেলেমেয়ের বিবাহ সম্পন্ন করেছি। এসব ছেলেমেয়েদের মধ্যে নব্বই ভাগই উচ্চশিক্ষিত।

স্থানীয়রা জানান, আব্দুল গনির ঘটকতালিতে আশে পাশের অনেক গ্রামের বহু যুবক-যুবতি বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছে। তাহার বিবাহ সম্পন্ন নব দম্পতি নিরানব্বই ভাগই সুখে সংসার জীবনে আবদ্ধ রয়েছে। আব্দুল গনি ঘটকের দেয়া বিবাহ জীবনে, নব দম্পতির সংসারে বিবাহ বিচ্ছেদের ঘটনা ঘটেছে এমন কোনো তথ্য আমরা পাই নাই।

দৌলতপুর উপজেলার শিক্ষক রেজাউল ইসলাম বলেন- আমার মেয়ে একজন উপজেলা সমাজসেবা অফিসার। তার বিবাহের জন্য উপযুক্ত পাত্রের সন্ধান করছিলাম। তখন আমি পরিচিত লোকের মাধ্যমে আব্দুল গনি ঘটকের মোবাইল নাম্বার পাই।

তারপর তার সাথে যোগাযোগ করে আব্দুল গনি ঘটকের মাধ্যমে আমার মেয়ের সাথে গাংনী উপজেলার বামন্দি গ্রামে গনি বিশ্বাসের ছেলে জুয়েল রানা পেশায় কম্পিউটার ইঞ্জিনিয়ার তার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। বর্তমানে তাদের দাম্পত্য জীবনে সুখেই চলছে ।
ষোল টাকা গ্রামের ইউপি সদস্য ময়নাল হক বলেন, আমি অনেক দিন থেকে গনিকে ঘটক তালি করিতে দেখছি।

আমার জানা মতে এলাকার শত শত ছেলে মেয়ের বিয়ে দিয়েছেন। তার আর কোন কাজ নেই সকাল থেকে সন্ধা পর্যন্ত জেলার বিভিন্ন গ্রামে ঘটকতালি করে বেড়ান।

বামন্দি ইউপি চেয়ারম্যান শহীদুল বিশ্বাস বলেন, আব্দুল গনি ঘটক অনেক ভালো মানুষ। আমার পরিবারের অনেক বিবাহ দিয়েছেন । এই কাজের জন্য তার কোন টাকা দাবি থাকে না । ছেলে পক্ষ – মেয়ে পক্ষ খুশি হয়ে যা দেন তাই নিয়ে থাকেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে ৭ দফা দাবীতে প্রাথমিক শিক্ষক সমিতির মানববন্ধন

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ঘোষিত সহকারি শিক্ষকদের ১১তম ও প্রধান শিক্ষকদের ১০ম গ্রেড প্রদানসহ ৭ দফা দাবীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ৩ টার সময় মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ চত্বরে মানববন্ধন করেন গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির গাংনী উপজেলা শাখার সভাপতি পারভেজ সাজ্জাদ রাজার সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির মেহেরপুর জেলা শাখার সভাপতি হাফিজুর রহমান বকুল, উপজেলা শাখার সাধারণ সম্পাদক মোঃ আমানুল্লাহ। শিক্ষক নেতা মাজহারুল ইসলাম, গোলাম ফারুকসহ অন্যান্যরা।

গাংনী উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দরা মানববন্ধনে উপস্থিত ছিলেন। পরে গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

মেপ্র/নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে গোভিপুরে প্রতিমন্ত্রীর জনসভা সফল করার লক্ষে প্রস্তুতি সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলার গোভিপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের জনসভা সফল করতে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে বুড়িপোতা ইউনিয়ন আওয়ামীলীগ।

আগামিকাল শুক্রবার বিকাল চারটায় গোভিপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে বুড়িপোতা ইউনিয়নের আওয়ামীলীগের উদ্যোগে এ জনসভার আয়োজন করা হয়েছে।

জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ফরহাদ হোসেন। সভাপতিত্ব করবেন বুড়িপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও বুড়িপোতা ইউনিয়ন চেয়ারম্যান শাহ জামান। জনসভায় জেলা আওয়ামীলীগের নেতারা বক্তব্য দিবেন।

এ বিষয়ে বুড়িপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান মো. শাহাজামান জানান, ইতিমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।
মেপ্র/ এমএফআর

মেহেরপুরে মাদার সহায়তার আওতায় হেলথ ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসুচীর আওতায় উপকার ভোগীদের হেলথ ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এ অনুষ্ঠানের আয়োজন করে।

উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

এসময় সহকারি কমিশনার (ভুমি) সুখময় সরকার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উপকার ভোগীদের মধ্যে বিভিন্ন প্রকার সামগ্রি বিতরণ করা হয়।

মেপ্র/নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় করিমন চালক নিহত

মেহেরপুর ট্রাক ও শ্যালো ইঞ্জিন চালিত করিমনের সাথে মুখোমুখি সংঘর্ষে করিমন চালক নিহত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে সদর উপজেলার চাঁদবিল-কেদারগঞ্জ বাইপাস সড়কের হেমায়েতপুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত করিমন চালক চূয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার চারুলিয়া গ্রামের রহমউল্লাহর ছেলে।

স্থানীয়রা জানান, ঘটনার সময় মেহেরপুরের আমঝপি থেকে পাথর বোঝাই একটি ট্রাক বাইপাস সড়ক হয়ে মুজিবনগরের দিকে যাচ্ছিল। চারুলিয়া থেকে আমঝুপি কোলার মোড়ে চিকিৎসার জন্য করিমন চালক মোস্তাকিন আহমেদ বিপরীত দিক থেকে আসছিলেন। এসময় হেমায়েতপুর নামক স্থানে একটি বাঁকের মুখে নিয়ন্ত্রণ হারিয়ে মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে করিমনটি দুমড়ে মুচড়ে সড়কের পাশে ছিটকে পড়ে এবং করিমন চালক মোস্তাকিন ঘটনাস্থলেই মারা যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে ট্রাক চালক ফয়েজ কে আটক করে এবং লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে পাঠায়।

মেপ্র/ আমঝুপি প্রতিনিধি

মেহেরপুর ২০ মোটর সাইকেল চালকের বিরুদ্ধে মামলা

মেহেরপুর ট্রাফিক পুলিশের উদ্যোগে শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয় মোটর সাইকেলের বৈধ্য কাগজ সহ চালকের হেলমেট না থাকায় ২০

জন মোটর সাইকেল চালকের বিরুদ্ধে মামলা করা হয়।
মঙ্গলবার বিভিন্ন সময়ে টি এস আই মকবুল হোসেনর নেতৃত্বে শহরের বিভিন্ন স্থানে মোটর সাইকলের বৈধ্য কাগজ ও চালকের হেলমেট পরীক্ষা করা হয়।
এ সময় মোটর সাইকলের বৈধ্য কাগজ ও চালকের হেলমেট না থাকায় ২০ জন মোটর সাইকেল চালকের বিরুদ্ধে মামলা হয়েছে। অভিযানের সময় টিএসআই নুর আলম, এটিএসআই জাহাঙ্গীর হোসেন সেখানে উপস্থিত ছিলেন।

মেপ্র/নিজস্ব প্রতিনিধি

বঙ্গমাতায় ফাইনালে গাংনী মেহেরপুরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা অনুর্দ্ধ ১৭ জেলা পর্যায়ের খেলার উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় অনুর্দ্ধ ১৭ জেলা পর্যায়ের খেলার জম কালো উদ্বোধন করা হয়েছে।
মঙ্গলবার বিকালে মেহেরপুর স্টেডিয়াম মাঠে এ উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মো: আতাউল গনি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাতীয় পতাকা উত্তোলন এবং বেলুন উড়িয়ে এই টুর্নামেন্টের উদ্বোধন করেন।

পরে জেলা প্রশাসক উভয় দলের খেলোয়াদের সাথে পরিচিত হন। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ইবাদত হোসেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক তৌহিদুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, হাসিবুল আলম, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাসুদুল আলম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ওসামান গনি, জেলা ফুটবল

এ্যাসোসিয়েশনের সভাপতি কেএম আতাউল হাকিম লাল মিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

বঙ্গমাতা ফজিলাতুন্নেছা নেছা মুজিব জাতীয় অনুর্দ্ধ ১৭ জেলা পর্যায়ের খেলা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী খেলায় গাংনী উপজেলা জয়লাভ করে। খেলায় গাংনী উপজেলা ২-১ গোলে মুজিবনগর উপজেলা দলকে পরাজিত করে।
আগামী ২১ সেপ্টেম্বর বিকেল তিন টার সময় মেহেরপুর সদর উপজেলা বনাম গাংনী উপজেলা ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।